**সংশোধিত একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০৭.২২-২২৬

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯ / ২৭ ফেব্রুয়ারি, ২০২৩

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখা ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকের জারিকৃত নীতিমালা এবং ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩নং স্মারকে জারিকৃত পরিপত্র মোতাবেক চিলমারী উপজেলার নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত ছক "ক" এর বর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর সময়ের জন্য নিম্নে প্রদত্ত শর্তসাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইচ্ছুক ইজারাদার/ঠিকাদার/ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র (১ম থেকে ৪র্থ পর্যায়) আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | সরকারী সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | জোড়গাছ হাট-বাজার | রমনা | ১,৪৩,৪৫,৫১০/- | ২৯৪০০/- |
| ২ | থানাহাট বাজার | থানাহাট | ৬,৮০,৭৩২/- | ২,০০০/- |
| ৩ | বালাবাড়ী হাট-বাজার | থানাহাট | ৭৪,৯০৭/- | ৫০০/- |
| ৪ | রানীগঞ্জ হাট-বাজার | রানীগঞ্জ | ৬৩,৮৫২/- | ৫০০/- |
| ৫ | ফকিরের হাট-বাজার | রানীগঞ্জ | ৭০,৯২৯/- | ৫০০/- |

(খ) নিম্নবর্ণিত দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সূচি মোতাবেক দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতিটি সেট, হাটের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর অফিস, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, চিলমারী থানা এবং সোনালী ব্যাংক, চিলমারী শাখা হতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাইবে। দরপত্র সমূহ জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর অফিস এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হইবে এবং ঐদিন বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হইবে। ১ম পর্যায়ে দরপত্র গৃহিত না হইলে ২য় পর্যায়ে, ২য় পর্যায়ে গৃহিত না হইলে ৩য় পর্যায়ে এবং ৩য় পর্যায়ে গৃহিত না হইলে ৪র্থ পার্যায়ে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হইবে। পরবর্তীতে এ বিষয়ে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হইবে না। এক পর্যায়ের সিডিউল অন্য পর্যায়ে ব্যবহার করা যাইবে না।

"ছক-খ"

দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সুচিঃ

| দরপত্রের পর্যায় | দরপত্র বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ পর্যায় | ১৫/০৩/২৩ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০৩/২৩ বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৩/২৩ বেলা-৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ০২ পর্যায় | ২০/০৩/২৩ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২১/০৩/২৩ বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত | ২১/০৩/২৩বেলা-৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৩ পর্যায় | ২৩/০৩/২৩ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৭/০৩/২২ বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত | ২৭/০৩/২৩ বেলা-৩.০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ পর্যায় | ৩০/০৩/২৩ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০২/০৪/২৩ বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত | ০২/০৪/২৩ বেলা-৩.০০ ঘটিকা পর্যন্ত |

## ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০ শে চৈত্র ০১(এক) বৎসর পর্যন্ত সময়ের জন্য হাট বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কর্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্যের কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।
০৯। ইজারদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।
১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
১৪। কোন প্রকার ঘষা-মাজা, লেখার উপর কাটাকাটি করা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন, ২০১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।
১৭। চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭.০২.২০২৩

(মোঃ মাহবুবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।
ফোনঃ ০২-৫৮৯৯৫২৬০১

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০৭.২৩-২২৬(১৮০)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯ / ২৭ ফেব্রুয়ারি, ২০২৩

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।**

০১। জনাব মোঃ জাকির হোসেন, এ.পি. মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম। তাঁর দপ্তরে সিডিউল জমা প্রদানের তারিখে ০১টি দরপত্র বাক্স স্থাপনের সবিনয় অনুরোধসহ।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
০৫। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
০৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।**

০৭। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর/রাজার হাট/নাগেশ্বরী /ফুলবাড়ী/ভূরুঙ্গামারী /উলিপুর/রৌমারী /রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
০৯। সহকারী কমিশনার (ভূমি), চিলমারী, কুড়িগ্রাম।
১০। অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, কুড়িগ্রাম।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, চিলমারী শাখা, কুড়িগ্রাম।
১২। সাব-রেজিস্ট্রার, চিলমারী উপজেলা, কুড়িগ্রাম।
১৩। পোস্ট মাস্টার, চিলমারী পোস্ট অফিস, চিলমারী, কুড়িগ্রাম।
১৪। চেয়ারম্যান,--------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
১৫। সচিব,-------------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,------------------ (সকল) ইউনিয়ন, চিলমারী, কুড়িগ্রাম। তার ইউনিয়নাধীন সকল হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
১৭। ইজারদার,----------------------------------- হাট-বাজার। তাকে হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। সম্পাদক ,------------------------------------------। তাকে ------------------ তারিখের মধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় ৫"× ৪" সাইজে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশের দিনের কপি ও বিল এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৭.০২.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।